

প্রেস বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
মাননীয় উপদেষ্টার দপ্তর

ঈদযাত্রা নিরাপদ, নির্বিঘ্ন ও আনন্দদায়ক করতে সরকার সর্বাত্মক চেষ্টা করবে: মুহাম্মদ ফাওজুল কবির খান

ঢাকা, সোমবার, ১২ মে, ২০২৫ খ্রি.

ঈদযাত্রা নিরাপদ, নির্বিঘ্ন ও আনন্দদায়ক করতে সরকার সর্বাত্মক চেষ্টা করবে বলে মন্তব্য করেছেন সড়ক পরিবহন ও সেতু, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ এবং রেলপথ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপদেষ্টা মুহাম্মদ ফাওজুল কবির খান। আজ ঢাকার আব্দুল গণি রোডস্থ বিদ্যুৎ ভবনের বিজয় হলে আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা ২০২৫ উদ্‌যাপন উপলক্ষ্যে সড়ক/মহাসড়ক, সেতু ও রেলপথে যাত্রীসাধারণের যাতায়াত নিরাপদ ও নির্বিঘ্ন করার লক্ষ্যে অনুষ্ঠিতব্য সভা শেষে উপদেষ্টা উপস্থিত সাংবাদিকদের একথা জানান।

সড়ক উপদেষ্টা আরো বলেন, ঈদযাত্রার সময় যাত্রীদের কাছ থেকে অতিরিক্ত ভাড়া আদায় করা যাবে না এবং কোথাও অতিরিক্ত ভাড়া আদায়ের অভিযোগ পাওয়া গেলে তার বিরুদ্ধে দ্রুত ব্যবস্থা নেওয়া হবে। পাশাপাশি সড়কে চাঁদাবাজি প্রতিরোধে সরকারি প্রতিষ্ঠানগুলোর প্রতিনিধি সার্বক্ষণিক মনিটরিং করবে। এসময় যানজট এড়াতে কোরবানির পশুর হাট সড়ক ও মহাসড়ক থেকে দূরে স্থাপন করা হবে এবং বেপারীদের আর্থিক সুরক্ষার জন্য হাটে ব্যাংক বুথ থাকবে বলে জানান তিনি।

সড়কে অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনা রোধে দুর্ঘটনা প্রবণ এলাকায় অতিরিক্ত নজরদারীর ব্যবস্থা থাকবে এবং দ্রুত প্রাথমিক স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে জানিয়ে উপদেষ্টা বলেন, ঈদের তিন দিন আগে অর্থাৎ ৪-৬ জুন এবং ঈদের ছুটি শেষ হওয়ার তিনদিন আগে অর্থাৎ ১২-১৪ জুন (জরুরি সেবা ব্যতীত) সড়কে ট্রাক, কাভার্ডভ্যান চলাচল বন্ধ থাকবে। সবশেষে সড়ক উপদেষ্টা অতিরিক্ত ভাড়া আদায় রোধে, টিকেট কালোবাজারি, চাঁদাবাজি ও ছিনতাইকারীদের দৌরাডু বন্ধে এবং এবারের ঈদযাত্রা দুর্ঘটনামুক্ত, নিরাপদ ও স্বস্থিদায়ক করতে এর সাথে সংশ্লিষ্ট সকল অংশীজনের সহযোগিতা কামনা করেন।

এসময় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের বিশেষ সহকারী খোদা বকশ চৌধুরী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের বিশেষ সহকারী ড. শেখ মইনউদ্দিন, সরকারের উর্ধ্বতন কর্মকর্তাগণ, পরিবহন মালিক-শ্রমিক সমিতির নেতৃবৃন্দ, সুশীল সমাজের প্রতিনিধিবৃন্দসহ প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।

স্বাক্ষরিত/-

নোবেল দে

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

মোবাইল: ০১৯৭৩২৫১৬০৮